

## ইউনাইটেড কলেজ অব এভিয়েশনের ৭ম বিটেক সনদ বিতরণ

- A Monitor Desk Report

Date: 05 January, 2025



ঢাকাঃ ৫ই ডিসেম্বর দেশের প্রথম সারির এভিয়েশন ও প্রযুক্তি শিক্ষা প্রতিষ্ঠান ইউনাইটেড কলেজ অব এভিয়েশন, সায়েন্স অ্যান্ড ম্যানেজমেন্ট আয়োজন করে তাদের ৭ম বিটেক গ্রাজুয়েশন অনুষ্ঠান।

এবারের অনুষ্ঠানে শিক্ষার্থীদের পিয়ারসন বিটেক লেভেল-৫ সনদ প্রদান করা হয়, যা ইউকের ব্যাচেলর প্রোগ্রামের প্রথম ও দ্বিতীয় বর্ষ সমাপ্তির স্বীকৃতি।

ফাইনাল ইয়ার সম্পন্ন হবে যুক্তরাজ্যে। তাছাড়া পিয়ারসন বিটেক লেভেল-৩ ব্যাচের শিক্ষার্থীরাও সনদ গ্রহন করেছে যা এ-লেভেল বা এইচএসসির সমমান।

বিটেক গ্রাজুয়েশন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের চেয়ারম্যান এয়ার ভাইস মার্শাল মো মনজুর কবির ভূঁইয়া।



□□□□□□□□ □□□□□□ □□□□□□ □□□□□□ □□□□ □□□□ □□□□□□□□□□ □□□□□□□□□□ □□ □□□□□□ □□□□□□

তাছাড়া বিশেষ অতিথি হিসেবে ছিলেন বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের ফ্লাইট স্ট্যান্ডার্ড অ্যান্ড রেগুলেশনস সদস্য গ্রুপ ক্যাপ্টেন মো মুকিত-উল-আলম মিয়া, পিয়ারসন এডেক্সেলের বাংলাদেশ ও নেপালের রিজিওনাল ডেভেলপমেন্ট ম্যানেজার আবদুল্লাহ আল মামুন, ও দি বাংলাদেশ মনিটরের সম্পাদক কাজী ওয়াহিদুল আলম।

অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন ইউনাইটেড কলেজ অব এভিয়েশন, সায়েন্স অ্যান্ড ম্যানেজমেন্টের ম্যানেজিং ডিরেক্টর মোহাম্মদ আলী।

তিনি বলেন, “আমাদের লক্ষ্য শিক্ষার্থীদের আন্তর্জাতিক মানসম্পন্ন শিক্ষা প্রদান করা। আমরা চাই আমাদের শিক্ষার্থীরা বিশ্বের বিভিন্ন ক্ষেত্রে নেতৃত্বে আসুক।”

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বেবিচক প্রতিনিধি, সরকারি কর্মকর্তা, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স, বশুন্ধরা এয়ারওয়েজ লিমিটেড, ইউএস-বাংলা এয়ারলাইন্স ও এয়ার অ্যাস্ট্রার উর্ধ্বতন কর্মকর্তাগণ।

অনুষ্ঠানটি সফলভাবে সম্পন্ন করার জন্য কলেজের রিসার্চ অ্যান্ড ইনোভেশন ক্লাব, স্পোর্টস ক্লাব, কালচারাল ক্লাব ও ভলান্টিয়ার সার্ভিস ক্লাবের শিক্ষার্থীরা কাজ করে।

২০০৯ সাল থেকে যাত্রা শুরু করা এই প্রতিষ্ঠানটি বাংলাদেশে এভিয়েশন, অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং, আইটি, ও সায়েন্সের উচ্চমানের শিক্ষা

প্রদানের জন্য সুপরিচিত।

অনুষ্ঠান শেষে গ্রাজুয়েটদের হাতে সনদ তুলে দেওয়া হয়ে এবং অতিথিগণ তাদের শুভকামনা জানান।

ইউনাইটেড কলেজ অব এভিয়েশন, সায়েন্স অ্যান্ড ম্যানেজমেন্ট এই অনুষ্ঠানটির মাধ্যমে শুধু শিক্ষার্থীদের অর্জন উদযাপন নয়, বরং উন্নত তথ্য প্রযুক্তি ও বিজ্ঞান-মনস্ক জাতি গঠনে তাদের অঙ্গীকার তুলে ধরে।

T